# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
**এসএমই বিভাগ**
www.krishibank.gov.bd


নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ/১১(৫)/২০২৬-২০২৭/ ৮(১২৮০) তারিখঃ ০৭ জুলাই ২০২৬

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (CMSME) ক্লাস্টার অর্থায়নের বিপরীতে "ক্লাস্টার অর্থায়ন স্কিম (Cluster Financing Scheme)" নামক পুনঃঅর্থায়ন তহবিল প্রবর্তন প্রসঙ্গে।**

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা এর এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫ ফেব্রুয়ারি ২০২৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। দেশীয় পণ্যের বিকাশ, মূল্যসংযোজন ও দেশের অভ্যন্তরে অধিকতর কর্মসংস্থান সৃষ্টিকে প্রাধান্য দিতে ক্লাস্টারের গুরুত্ব বিবেচনায় নিয়ে এ খাতে অর্থায়ন প্রবাহ বৃদ্ধিকে অগ্রাধিকার প্রদান, CMSME মোট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১০% ক্লাস্টার অর্থায়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং দেশীয় ক্লাস্টারের বিকাশ নিশ্চিত করার জন্য CMSME ক্লাস্টারসমূহের উদ্যোক্তাদের স্বল্প সুদ/মুনাফায় অর্থায়ন নিশ্চিতের লক্ষ্যে উল্লিখিত সার্কুলারের মাধ্যমে ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার একটি বিশেষ আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিগত ১৭ মার্চ, ২০২৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর ১.১১ এ বর্ণিত ক্লাস্টারের সংজ্ঞা ও তালিকা অনুযায়ী ক্লাস্টার অর্থায়ন করতে হবে। ক্লাস্টার অর্থায়ন স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সকল ক্ষেত্রে উক্ত সার্কুলারের বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে। ক্লাস্টার অর্থায়ন ত্বরান্বিতকরণ ও ক্লাস্টার অর্থায়ন লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত বাংলাদেশ কৃষি ব্যাংক ক্লাস্টার অর্থায়ন স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিগত ২৮/০৬/২০২৬ তারিখ বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করেছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫ ফেব্রুয়ারি ২০২৬ এর নির্দেশনাবলী পরিপালনের জন্য অপর পৃষ্ঠায় **হুবহু মুদ্রণ** করা হলো। উক্ত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করত: ঋণ বিতরণপূর্বক পুনঃঅর্থায়ন দাবীর লক্ষ্যে মাসিক ভিত্তিতে প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২৫ এর অনুচ্ছেদ নং ১৪.৪.৪ এ বর্ণিত নমুনা ছকে [সংযোজনী-১৩(ক)] প্রয়োজনীয় তথ্য/দলিলাদি (গ্রাহকের NID, ঋণ মঞ্জুরিপত্র, ট্রেড লাইসেন্স, লোন স্টেটমেন্ট) সহ আবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। এছাড়াও আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের তথ্য দৈনিক ভিত্তিতে BKB Loan Portal এ আপলোড করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৭/০৭/২৬

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোঃ রফিকুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭১২০১৬৬
ই-মেইল: dgmsme@krishibank.org.bd


নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ/১১(৫)/২০২৬-২০২৭/ ৮(১২৮০) তারিখঃ ০৭ জুলাই ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। অধ্যক্ষ, বিকেবি, রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১০। নথি/মহানথি।


(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক